উৎসবেঃ
বিপদেঃ
সম্পদেঃ
প্রয়োজন টাকার ঃ—আপনাকে টাকা উপার্জ্জন করতে সঞ্চয় করতে ও বর্দ্ধিত করতে সাহায্য করবে
দি
ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ
স্থাপিত ১৯২৮
হেড অফিস ঃ—৩নং ম্যাঙ্গো লেন, কলিকাতা
বিশেষ সর্ত্তাদির জন্য স্থানীয় ব্যাঙ্কে অনুসন্ধান করুন
জঙ্গীপুর শাখার
ম্যানেজিং এজেণ্ট ঃ— পি, চ্যাটার্জ্জি, বি-এল।
ম্যানেজিং ডিরেক্টর ঃ— পি, কে, গুহ।

Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—০:০—

## জঙ্গীপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গীপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা; হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গীপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩২শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৩ই আষাঢ় বুধবার ১৩৫২ ইংরাজী 27th June, 1945 { ৭ম সংখ্যা

## এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

# হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৫৪ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাঙো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাঙো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা উৎসাহ, কত শান্তির ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন বুঝি আজ রূঢ়-বাস্তবের আঘাতে ভেঙ্গে যায়। তাই নিজের জন্যও যেমন তাদের দুশ্চিন্তা, ছেলেমেয়ে ও আত্মীয় পরিজনের জন্যও তেমনি তাদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়। বর্ত্তমান দুর্দ্দিনে ও ভবিষ্যতের আর্থিক সঙ্কটে তারা কোন পাথেয় নিয়ে দাঁড়াবে?—

জীবনযাত্রার অনিশ্চিতপথে জীবনবীমা মানুষের প্রধান পাথেয়।

হিন্দুস্থানের বীমাপত্র সেই মূল্যবান পাথেয়—দুর্দ্দিনের সর্ব্বোত্তম আশ্রয়। উপার্জ্জনশীল ব্যক্তিমাত্রেরই অবিলম্বে এই পাথেয় সংগ্রহ করা উচিত।

১৯৪৪ সালে নূতন বীমা ১০ কোটী টাকার উপর

## হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস ঃ কলিকাতা

## ard of Revenue, Bengal.

"A" Group. Wards Branch.
Order No. 6413 W. dated Calcutta,
the 24th May, 1945.

Under the provisions of section 65 Act IX (B. C.) of 1879, the Court of Wards hereby directs that its jurisdiction over the Lalgola Raj Wards Estate in the District of Murshidabad shall cease from the 19th July, 1945, and that the owners of the said estate shall be restored to the possession thereof from the said date subject to any contract entered into by the Court for the preservation or benefit of the said estate.

By order of the Court of Wards, Bengal.
Sd. P. R. Das Gupta,
Secretary,
Boards of Revenue, Bengal.

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৩ই আষাঢ় বুধবার সন ১৩৫২ সাল

## জঙ্গিপুরে বস্ত্র বণ্টন

জঙ্গীপুরের ২০শে জুন তারিখের এক সংবাদে প্রকাশ মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় ১২৫ গাঁইট মিলের কাপড় বিতরণের আদেশ দেওয়া হইয়াছে। এই আদেশের ফলে উক্ত মহকুমার অধিকাংশ পরিবার গড়ে প্রত্যেকে ৫ গজ হিসাবে কাপড় পাইবে। অধিকন্তু আগে যে ৭৫ গাঁইট মিলের কাপড় পাওয়া গিয়াছিল তাহা ইতিপূর্ব্বে বিতরণ করা হইয়াছে। ফুড্‌কমিটি সমূহের তত্ত্বাবধানে অবণ্টন অবস্থায় যে ৪৯ গাঁইট সূতা রহিয়াছে তাহা এবং আরও ৬৬ গাঁইট সূতা তন্তুবায়দের দেওয়া হইবে। উক্ত সূতা হইতে যে কাপড় প্রস্তুত হইবে তাহা মনোনীত খুচরা ব্যবসায়ীদের মারফত রেশনকার্ডধারিগণকে নিয়ন্ত্রিত মূল্যে বিক্রয় করা হইবে। ৫০০ জাল প্রস্তুত করিবার ব্যবস্থা করা হইয়াছে। যাহারা মাছের পোনা ধরে তাহাদের মধ্যে উহা এই মাসে বিতরণ করা হইবে।

---

## নোটিশ

এ বৎসর পুরীধাম ও তন্নিকটবর্ত্তী স্থানসমূহে কলেরার প্রকোপ বর্ত্তমান থাকায় স্নান ও রথযাত্রা উপলক্ষে পুরীধাম যাত্রীগণকে উপদেশ দেওয়া যাইতেছে যে তাঁহারা যেন নিকটস্থ সরকারী ডাক্তারখানা বা স্যানিটারী ইন্সপেক্টারের নিকট হইতে কলেরার প্রতিষেধক ইন্‌জেকশন লইয়া যান। ইন্‌জেকশনের সার্টিফিকেট সঙ্গে লইতে ভুলিবেন না।

স্বাঃ ডি, সি, মৈত্র
ডিষ্ট্রীক্ট হেল্‌থ অফিসার ইন্ চার্জ্জ।
মুর্শিদাবাদ।

---

## বিক্রয় কর বৃদ্ধি

১৯৪১ সালের বঙ্গীয় ফিনান্স (সেল্‌স্-ট্যাক্স) আইন অনুসারে পণ্যদ্রব্য বিক্রয়ের উপর প্রতি টাকায় দুই পয়সা হিসাবে যে বিক্রয় কর ধার্য্য আছে বাংলা সরকার তাহা বৃদ্ধি করিয়া প্রতি টাকায় তিন পয়সা হিসাবে বিক্রয় কর ধার্য্য করিবার সিদ্ধান্ত করিয়াছেন। ১৯৪৫ সালের ২৫শে জুন হইতে এই বর্দ্ধিত হারে বিক্রয় কর আদায় করা হইবে। যে সব পণ্যদ্রব্য এই বিক্রয় করের আমলে আসে না, তৎসম্পর্কে কোন পরিবর্ত্তন সাধিত হইবে না।

---

## শিক্ষার জন্য সরকারী সাহায্য

ভারতীয় সৈন্য, নাবিক, বৈমানিকদের সন্তান-সন্ততি যাহাতে লেখাপড়ার সুযোগ পায় সেইজন্য বাংলা-গভর্ণমেণ্ট হইতে প্রতি মাসে জন প্রতি ২৲ টাকা হইতে ১০৲ টাকা হারে সাহায্য করিবার সিদ্ধান্ত হইয়াছে।

---

## অতি লাভে সাজা

বিগত ১৯শে জুন তারিখে কলিকাতার ম্যাজিষ্ট্রেটগণ অতিলাভ ও মজুদ বিরোধী আইনানুসারে ২৭জন লোককে ৫৲ টাকা হইতে ১০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন। নিয়ন্ত্রিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে কয়লা, চিনি, বরফ, পিত্তলের কলসি এবং সরিষার তৈল বিক্রয়, বিনা কুপনে পাউরুটি বিক্রয়, বিনা লাইসেন্সে কাপড় বিক্রয়, সানলাইট সাবান বিক্রয়ে অসম্মতি, অতিরিক্ত রেশন কার্ডের সাহায্যে রেশন সংগ্রহ, জুতার উপর মূল্যের ছাপ না মারা এবং মূল্য তালিকা দেখাইতে না পারার অপরাধে আসামীদের এই দণ্ড দেওয়া হইয়াছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৩ই আগষ্ট ১৯৪৫

১৯৪১ সালের ডিক্রীজারী

৯৯৮ থাং ডিঃ কুমার জ্ঞানেন্দ্রনারায়ণ সিংহ দিং দেং আবদুল গণি সেখ দাবি ২৫॥/০ মৌজে শ্রীরামপুর ৮-৬৫ শতকের কাত ২৸/৩ আঃ ২০৲ থং ৭২

১৯৪৫ সালের ডিক্রীজারী

৫২৭ থাং ডিঃ সুরেন্দ্রনারায়ণ রায় দিং দেং লোহারাম সিংহ দাবি ২১৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেখালিপুর ।২॥/০ জমির কাত ৩৮ আঃ ৫৲ থং ১১৪৫

৪৬৮ থাং ডিঃ দোলগোবিন্দ দাস দেং আক্কেল মহম্মদ সেখ দিং দাবি ১০॥৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাহুড়া ২৩ শতকের কাত বৃদ্ধিসহ ৸/৬ আঃ ২৲ থং ১৩৪ তদুপরিস্থিত আম্র, কাঁঠাল, লিচু, বাঁশ, আকাঠা, সুকাঠা, বৃক্ষাদিসহ নওয়া জিম্বা ইত্যাদি রায়ত স্থিতিবান

৪৬৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬৵৬ মৌজাদি ঐ ২৭ শতকের কাত বৃদ্ধিসহ ৩।৵৩ আঃ ৪৲ থং ১৩৫ তদুপরিস্থিত খেড়ি ও দেওয়ালিয়া পোক্তা ঘর মায় চাল, ছাপ্পর, ইট কাঠ, কপাট, চৌকাঠ, জানালা তীর, বরগা, আকাঠা, সুকাঠা বৃক্ষাদিসহ নওয়া জিম্বা ইত্যাদি ঐ স্বত্ব

৫৫৫ থাং ডিঃ ঐ দেং জিল্লির রহমান মোল্লা দিং দাবি ১২৸৵০ মৌজাদি ঐ ২৮ শতকের কাত ৫৴/১ আঃ ৫৲ থং ৮৯ তদুপরিস্থিত দেওয়ালিয়া ঘর মায় চাল, ছাপ্পর, করগেট টীন, তীর, বরগা, কপাট, চৌকাঠ, জানালা, বাঁশ, আকাঠা, সুকাঠা, বৃক্ষাদিসহ নওয়া জিম্বা ইত্যাদি ঐ স্বত্ব

৫২৬ থাং ডিঃ ঐ দেং হেদাত সেখ দিং দাবি ১৪৸/০ থানা ঐ মৌজে জোতসুন্দর ৬৯ শতকের কাত ২/০ আঃ ৫৲ থং ১৩৫ ঐ স্বত্ব

৫১২ থাং ডিঃ ঐ দেং আষাঢ়ী মণ্ডল দিং দাবি ১৩১৸৵৯ থানা ঐ মৌজে জালালপুর ৪-৬২ শতকের কাত ১৭/৪ আঃ ৭০৲ থং ৩৮

তদুপরিস্থিত আম্র, কাঁঠাল, লিচু, বাঁশ আকাঠা, সুকাঠা বৃক্ষাদিসহ নওয়া জিম্বা ইত্যাদি ঐ স্বত্ব

৫১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২।/৩ থানা ঐ মৌজে জালালপুর ও হুদরাপুর ১–২৪ শতকের কাত ৩৸২ আঃ ১০৲ খং ৪১ ও ১১২ ঐ স্বত্ব

৫১৪ থাং ডিঃ ঐ দেং সায়রা বিবি দিং দাবি ৫৬৶০ মৌজাদি ঐ ২-২০ শতকের কাত ৭॥৶০ আঃ ১৫৲ খং ১৬৬, ১০২ ঐ স্বত্ব

৪৯৬ থাং ডিঃ ঐ দেং সুধেন্দুশেখর নাথ দিং দাবি ২৭/৩ থানা ঐ মৌজে ভূমিহর ১-৯৭ শতকের কাত ৭।৩ আঃ ১২৲ খং ৪৬ ঐ স্বত্ব প্রকাশ থাকে যে উক্ত জমিজমার জন্য তেঘরী ঋণসালিশী বোর্ডের সন ১৯৪২ সালের ৮৪।৭ নম্বরে সন ১৩৪৫।৪৬ সালের খাজনার জন্য দরখাস্ত করা আছে। তাহা পেণ্ডিং আছে।

৪৯৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।/৩ থানা ঐ মৌজে দক্ষিণপাড়া ৯৫ শতকের কাত ২॥/৭ আঃ ৫৲ খং ৩১৪ ঐ স্বত্ব প্রকাশ থাকে যে উক্ত জমিজমার জন্য তেঘরি ঋণ-সালিশী বোর্ডের সন ১৯৪২ সালের ৮৪।৭ নম্বরে মোকদ্দমা দায়ের আছে তাহা পেণ্ডিং আছে।

৪৯৩ থাং ডিঃ বুদ্ধু হোসেন মণ্ডল মৃতান্তে ওয়ারিশ নাদির মণ্ডল দিং দেং শ্যামাপদ সাহা দিং দাবি ৩৬॥৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাগপাড়া ১-৫৯ শতকের কাত ৫৸৶৭ আঃ ৫৲ খং ১৮৮

৪৯৪ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ সাহা দাবি ১৪॥৶০ মৌজাদি ঐ ৫৬ শতকের কাত ১॥/৬ আঃ ৫৲ খং ১৯৮

৫৩৬ থাং ডিঃ কমলাক্ষ রায় দিং দেং দাউদ সেখ দিং দাবি ৪৩৸৶৩ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে বাজিতপুর ১-১১ শতকের কাত ৫।/০ আঃ ২৫৲ খং ৩৩৫ রায়ত স্থিতিবান

২৬৬ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং নকড়ি সাহা দিং দাবি ৪৭৶৯ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে জয়রামপুর ২-৫৫ শতকের কাত ১১॥২ আঃ ১৫৲ খং ২৮৭

৩৫৮ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিমিটেড দেং সত্যেন্দ্রনারায়ণ দত্ত দিং দাবি ৮৭/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ৩-৯১ শতকের কাত ৯॥৶০ আঃ ৫০৲

৩৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২/০ মৌজাদি ঐ ১-৭৩॥০ শতকের কাত ৪/০ আঃ ২৫৲

৫০৭ থাং ডিঃ মহাদেবচরণ রায় দিং দেং আবদুল আজিজ বিশ্বাস দাবি ২৫৸/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৮২ শতকের কাত ৩৸০ আঃ ১০৲ খং ৩৫৩ রায়ত স্থিতিবান

৪৩১ থাং ডিঃ গোবিন্দদাস নাথ দেং শ্যামাচরণ নাথ দাবি ২৩॥৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ১-৫৮ শতকের কাত ৯৲ আঃ ১৫৲ খং ১৩১।১ রায়ত স্থিতিবান

৪৩২ থাং ডিঃ ঐ দেং প্রমথনাথ বড়াল দাবি ৩১।৶৬ থানা ঐ মৌজে রামচন্দ্রবাটী ১-৮২ শতকের কাত ৮।০ আঃ ২০৲ খং ৬৫৫।৬৫৯ ঐ স্বত্ব

৫৫২ থাং ডিঃ সেবাইত মহান্ত চৈৎরামদাস গোস্বামী দেং পাঁচু বারিক দিং দাবি ২৩৸/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথপুর ৯২ শতকের কাত ৩৲ আঃ ১৫৲ খং ২৯২ রায়ত স্থিতিবান

৫২২ থাং ডিঃ কমন ম্যানেজার সতীনাথ বাগচী দেং মহেন্দ্রনারায়ণ রায় দিং দাবি ১৪৸০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ৬৯ শতকের কাত ১৶৩ খং ৬০৮

৫২৩ থাং ডিঃ ঐ দেং আমজাদ মিঞা নাবালক দিং পক্ষে অলি মাতা অনকের বিবি দাবি ২৪৶৩ থানা ঐ মৌজে ঝামড়া ও কাশিয়াডাঙ্গা ৩-৩৭ শতকের কাত ৩৶৬ মৌজে ঝামড়া খং ১৮০ ও মৌজে কাশিয়াডাঙ্গা খং ৪৭৯

৫৩৩ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং তাজু মোল্লা দাবি ১১॥৶৩ ইস্তাহারে লিখিত থানা মৌজা জমি জমা আঃ খং রায়ত স্থিতিবান

৫৩৪ থাং ডিঃ ঐ দেং দুলালী দেবী নাবালিকা পক্ষে অলি পিতামহ গোপালচন্দ্র সিংহ দাবি ১৮৸৩ ইস্তাহারে লিখিত থানা মৌজা জমি জমা আঃ খং ঐ স্বত্ব

৫৪১ থাং ডিঃ যোগেন্দ্রচন্দ্র খাঁ দেং গোপীনাথ দাস দিং দাবি ৪১৸৬ থানা সুতী মৌজে কিশোরপুর ৪-৭১ শতকের কাত ১২।১০ আঃ ৩০৲ খং ৮১

৫৪২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩১॥৶৩ মৌজাদি ঐ ২৬১৬২ জমির কাত ৬৭৸০॥০ আঃ ১০০৲ খং ৮০

৫৫১ থাং ডিঃ হলধর দাস দিং দেং রাধানাথ মণ্ডল দাবি ১৫৸৶০ থানা সুতী মৌজে লোকাইপুর ৫ শতকের কাত ২৲ আঃ ১০৲ খং ৩৬৮

৫০৯ থাং ডিঃ নৃপেন্দ্রকৃষ্ণ চৌধুরী দিং দেং আবিজান বিবি দাবি ৩৯।৶৯ থানা সুতী মৌজে বংশবাটী ১৯-৩৩ শতকের কাত ৩০/৬ আঃ ৪০৲ খং ৫১০

৪৫৫ থাং ডিঃ কৃষ্ণচন্দ্র সাহা দিং দেং রমজান মণ্ডল দিং দাবি ৩৫৶৯ থানা সুতী মৌজে সেখপুরা ক… পাড়া ১-১ শতকের কাত ৮৲ আঃ ২৫৲ খং ১০৮৫

৫১৮ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েন্ট মাতোয়াল্লি মোঃ হুমায়ুনরেজা চৌধুরী দিং দেং গাফু বিশ্বাস দিং দাবি ৭৬॥৶০ থানা সুতী মৌজে বাজে গাজিপুর ১১।০৫৪ জমির কাত ১৫৶০ আঃ ৬০৲

৫২৫ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং বসন্তকুমারী বর্ম্মণ্যা দাবি ১৯৸/৯ থানা সুতী মৌজে ইচলিপাড়া ৫৪ শতকের কাত ৪।২ আঃ ১৮৲ খং ২৭৩ রায়ত স্থিতিবান

১৬ মনি ডিঃ জয়চাঁদ সেরাওগী দিং দেং জয়নাল আবেদিন বিশ্বাস দাবি ১২০৶০ থানা সুতী মৌজে নারায়ণপুর ১২৪৸২ জমির কাত ৬৯৸/৯ দেন্দারের ৳ অংশে ২০৸১ জমির কাত হারাহারি মতে ৬॥৶৩॥০ আঃ ১০০৲ খং ১৭৩৯ রায়ত স্থিতিবান ২নং লাট থানা রঘুনাথগঞ্জ মৌজে দয়ারামপুর ২৪ শতকের কাত ৸৶০ দেন্দারের ৳ অংশে ৮ শতকের কাত হারাহারি মতে ।/০ আঃ ১০৲ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৸০৸০ কাঠা জমির কাত ১৸৶১০ দেন্দারের ৳ অংশে ।০।০ কাঠার কাত হারা-হারি মতে ॥৶১০ আঃ ১০৲ ঐ স্বত্ব

২০ মনি ডিঃ রিয়াজুদ্দিন মণ্ডল দিং দেং আবদুল করিম মণ্ডল দিং দাবি ২৫৪॥৶৩ থানা সুতী মৌজে গান্তিরা ৫-৬৯ শতকের কাত ১১।/৬ আঃ ৫০৲ খং ৭৭ তন্মধ্যে ৬০ শতক জমির কাত পরতা মতে ১।/০ রায়ত স্থিতিবান ২নং লাট থানা ঐ মৌজে পুড়াপাড়া ২৭।২৫১০ জমির কাত ৬৮।/৮ তন্মধ্যে ৩০ শতকের কাত হারাহারি পরতা মত খাজনা ১৶৬ ও ৪০ শতক জমির কাত হারা-হারি মতে ১৸০ আঃ ৫০৲ খং ৮৭৬

২৪ মনি ডিঃ মৃণালিনী দেবী দিং দেং ননীবালা দেবী দাবি ১৮৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ৩১ শতকের কাত ১॥৶২॥০ আঃ ১৫৲ খং ১৩০১

৩১ মনি ডিঃ গোপালচন্দ্র ধর দিং দেং শরৎচন্দ্র ঘোষ দাবি ৩৮/৯ থানা সাগরদীঘি মৌজে কৈয়র ৪৯ শতক নিষ্কর জমি আঃ ৫০৲ খং ৪৬২ ২নং লাট মৌজাদি ঐ ১৭ শতকের কাত ৸০ আঃ ১০৲ খং ৩৬৩, ৩নং লাট মৌজাদি ঐ ১৫ শতক জমি আঃ ১৫৲ চিরস্থায়ী ব্রহ্মোত্তর ৪নং লাট মৌজাদি ঐ ১৬ শতকের কাত ৩॥/৪ আঃ ৫০৲ খং ২৫ দেন্দারের ॥০ আনা অংশ নীলাম হইবে।

---

( পর পৃষ্ঠা দেখুন।)

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প

ডাক মাশুল লাগে না।

প্রাপ্তিস্থান ঃ—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

STAMPED.
ORIGINAL.
REFUSED.
FILED.
DUPLICATE.
BOOK - POST.
URGENT.
CANCELLED.
ANSWERED.
PAID.
COPIED.
REGISTERED

## ঘোষ এণ্ড সন্স

প্রসিদ্ধ টাইল নির্ম্মাতা

ঘর ছাওয়াইবার রাণীগঞ্জ প্যাটার্ণের টাইল বিক্রয় জন্য প্রস্তুত আছে।

প্রোঃ শ্রীসুরেশচন্দ্র ঘোষ
পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ)


হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা


মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত




## সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে

দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**

## দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ